

তারিখঃ ১১-০৯-২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

রেফারী রিফ্রেসার্স কোর্স ২০২০

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের তত্ত্বাবধানে ও বাফুফে রেফারীজ কমিটির উদ্যোগে দেশে প্রথমবারের মত ‘রেফারী রিফ্রেসার্স কোর্স ২০২০’ অদ্য ১১ সেপ্টেম্বর ২০২০ তারিখ বিকাল ৩.০০ ঘটিকা হতে অনলাইনে জুম ভিডিও কনফারেন্সের মাধ্যমে মানিকগঞ্জ ও পঞ্চগড় জেলার রেফারীগণকে নিয়ে অনুষ্ঠিত হয়। উক্ত কোর্সে ‘International Football Association Board’ (IFAB) কর্তৃক প্রণীত লজ অব দ্যা গেমস্ ২০২০-২১ এর সংশোধিত আইন কানুন সম্পর্কে আলোচনা করা হয়। কোর্সে ৩৯ জন ফুটবল রেফারী অংশগ্রহণ করে। কোভিড-১৯ সংক্রান্ত পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত লজ অব দ্যা গেম এর উক্ত সংশোধন আইন কানুন সম্পর্কে দেশের ৬৪টি জেলায় পর্যায়ক্রমে অন লাইনের মাধ্যমে কোর্সসমূহ চলমান থাকবে।

উক্ত প্রোগ্রামে টেকনিক্যাল ইন্সট্রাক্টর হিসেবে দায়িত্ব পালন করেন জনাব মোঃ আজাদ রহমান, জনাব তৈয়েব হাসান সামসুজ্জামান বাবু ও জনাব মোঃ নাজমুল হুদা। এছাড়াও উপস্থিত ছিলেন বাফুফে রেফারীজ কমিটির ডেপুটি চেয়ারম্যান হাজী মোঃ ইব্রাহিম নেসার পঞ্চগড় জেলার পুলিশ সুপার ও পঞ্চগড় জেলার রেফারী এসোসিয়েশন এর সভাপতি জনাব মোঃ ইউসুফ আলী।

কোর্স এর রেফারী কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করছেন জনাব শহিদুল ইসলাম লিমন।

আহসান আহমেদ অমিত

হেড অব মিডিয়া

বাংলাদেশ ফুটবল ফেডারেশন।